অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার হিস্টি নিউ ইয়র্কের বন্দুক আইন জোরদার করতে বিধিমালার সার্বিক প্যাকেজ উপস্থাপনের ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল, সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার কার্ল হিস্টি আজকে ঘোষণা করলেন যে অ্যাসেম্বলি এবং সিনেট উভয় স্থানে দশটি বিল উপস্থাপন ইয়র্কের বন্দুক আইন জোরদার করবে, লুপহোল বন্ধ করবে এবং বাফেলো, টেক্সাস এবং পুরো দেশে সংঘটিত ভয়াবহ গুলিবর্ষণ দ্বারা প্রকাশ হওয়া আমাদের আইনের শূন্যস্থান পূরণ করবে। বিলগুলি: অপরাধে বন্দুক ব্যবহৃত হলে স্টেট, স্থানীয় এবং ফেডারেল এজেন্সিগুলির মধ্যে তথ্য আদানপ্রদান আবশ্যক করবে; একসাথে অনেক মানুষের ক্ষতি করার হুমকিকে অপরাধ বলে গণ্য করবে; নতুন বন্দুকের জন্য মাইক্রোস্ট্যাম্পিং আবশ্যক করবে; সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মের দায়বদ্ধতা বৃদ্ধি করবে; বড় ধারণক্ষমতার গুলি ভরার যন্ত্রকে আইনের আওতার বাইরে রাখা নির্মূল করবে; যোগ্য পেশায় নিযুক্ত নেই এমন মানুষের জন্য বডি আর্মার ক্রয় নিষিদ্ধ করবে; চরম ঝুঁকি সুরক্ষা আদেশ দায়ের করতে পারা মানুষের তালিকা সম্প্রসারণ করে রেড ফ্ল্যাগ (Red Flag) আইন জোরদার করবে, এবং অন্যান্য ব্যবস্থা: কোনও ব্যক্তিকে একটি সেমিঅটোম্যাটিক রাইফেল কিনতে কমপক্ষে 21 বছর বয়সী হতে হবে এবং লাইসেন্স নিতে হবে; এবং "অন্য কোনও অস্ত্র" লুপহোল বন্ধ করা হবে।

"গত মাসের মধ্যে, বাফেলোতে এবং টেক্সাসে সংঘটিত দুইটি ভয়াবহ গণ গুলিবর্ষণ জাতিকে গোড়া থেকে কাঁপিয়ে দিয়েছে এবং ভবিষ্যতে এমন দুর্ঘটনা প্রতিরোধে পদক্ষেপ নেওয়ার অতি জরুরি প্রয়োজনের উপর আলোকপাত করেছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের বন্দুক আইন ইতিমধ্যে দেশের সবথেকে কঠিনগুলির একটি কিন্তু স্পষ্টতই আমাদেরকে তা আরো জোরদার করতে হবে। নিউ ইয়র্কবাসীদের অধিকার স্কুলে, মুদি দোকানে, সিনেমা হলে, শপিং মিলে, এবং আমাদের সড়কে নিরাপদ বোধ করার, এবং তাদেরকে রক্ষা করার জন্য আমাদেরকে আমাদের জন্য সম্ভব সব কিছু করতে হবে। সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিস্টি, এবং আইনসভায় আমাদের সকল অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আমরা আমাদের বন্দুক আইন জোরদার করবো, নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সাহায্য করবো, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অপরাধ প্রতিরোধে তাদের প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করবো, এবং মারাত্মক অস্ত্রের বিস্তার বন্ধ করবো। নিউ ইয়র্ক যেহেতু আরেকবার নেতৃত্ব দিচ্ছে, তাই আমরা ফেডারেল সরকারকে তাগিদ দিয়ে যাবো যাতে তারা এই সুযোগটি গ্রহণ করে অর্থপূর্ণ জাতীয় বন্দুক সহিংসতা প্রতিরোধ আইন পাশ করে।"

"আমাদের দেশ সহজলভ্য এবং হত্যা করতে ইচ্ছুক মানুষদের কাছে সহজলভ্য অস্ত্রের যুদ্ধে একটি হিসাবনিকাশের মুহূর্তে এসেছে পড়েছে," **সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স বলেন।** এই অস্ত্রগুলি স্কুল, মুদি দোকান, উপাসনালয়, এবং কনসার্টের মতো সম্প্রদায়ের স্থানসমূহকে গণহত্যার স্থানে পরিণত করেছে।" নিউ ইয়র্ক এবং পুরো দেশের এই বিপর্যস্ত সময়ে, আমরা গভর্নর হোকল, স্পিকার হিস্টি, এবং ডেমোক্রেটিক আইনসভার (Democratic Legislature) সদস্যদের সাথে কাজ করেছি সামনে এগিয়ে গিয়ে একটি বার্তা প্রেরণ করার জন্য যে বন্দুক সহিংসতার এই পথটি মেনে নেওয়া হবে না এবং আমাদের সত্যিকারের পরিবর্তন প্রয়োজন।"

"বাফেলো এবং ইউভালডির গুলিবর্ষণের ঘটনার মধ্যে মাত্র 10 দিনের পার্থক্য যেখানে 31 জনের প্রাণহানি হয়েছে। বিশ্বের আর কোথায় এটি হচ্ছে না। বন্দুকের ব্যাপারে একটি কথোপকথনের প্রয়োজন আমাদের জন্য তীব্র, কিন্তু সেই সাথে পদক্ষেপের প্রয়োজনও তীব্র।" **স্পিকার কার্ল হিস্টি বলেন।** "এখানে, নিউ ইয়র্কে, আমরা পদক্ষেপ নিতে প্রস্তুত। সিনেটে আমাদের অংশীদারদের সাথে এবং গভর্নর হোকলের সাথে কাজ করে, আমরা বন্দুক সহিংসতার সমাধানে বিধিমালার একটি প্যাকেজ একত্রিত করেছি। আমরা আমাদের রেড ফ্ল্যাগ আইন জোরদার করবো যাতে নিজেদের এবং অন্যদের জন্য ঝুঁকিতে থাকা ব্যক্তিরা সিস্টেমের শূন্যস্থান দিয়ে বের হয়ে যেতে না পারে। আমরা এমন লুপহোল দূর করবো যা বড় ধারণক্ষমতার গুলি ভরার যন্ত্রের অনুমতি প্রদান করে, বডি আর্মার ক্রয় আরো কথন করে এবং সহিংসতা ও অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের ঘটনায় সোশ্যাল মিডিয়ার ভূমিকা সমাধানে কাজ করবো। এই তালিকা লম্বা। আশা করছি যে একদিন আমরা এই দেশে সংঘটিত এইসব ভয়ানক বন্দুক সহিংসতার শেষ দেখতে পারবো। কিন্তু তার আগে পর্যন্ত, আমি লড়াই করে যাবো।"

বিধিমালার প্যাকেজে রয়েছে:

A.1023-A (পলিন))/S.4970-A (ক্যাভানা)
সকল স্টেট এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির জন্য বাজেয়াপ্ত বা উদ্ধারকৃত বন্দুকের ব্যাপারে অপরাধ বন্দুক ক্লিয়ারিং হাউজে রিপোর্ট করা; ATF-র সামগ্রিক ডেটা আদানপ্রদান কর্মসূচিতে অংশগ্রহণ করা; জাতীয় সংহত ব্যালিস্টিক তথ্য নেটওয়ার্কের (Ballistic Information Network) জন্য বাজেয়াপ্ত বা উদ্ধারকৃত বন্দুক দ্বারা পরীক্ষামূলক গুলি করা; এবং জাতীয় অপরাধ তথ্য কেন্দ্রে বন্দুকের নির্মাণ, মডেল, ক্যালিবার, এবং সিরিয়াল নম্বর অন্তর্ভুক্ত করা আবশ্যক করে। এছাড়াও বন্দুক ডিলারদের জন্য আগ্নেয়াস্ত্র, রাইফেল, শটগান নিরাপদ করার জন্য একটি নিরাপত্তা পরিকল্পনা বাস্তবায়ন করা; আঠারো বছরের কম বয়সী এবং পিতামাতার সাথে না আসা মানুষদের জন্য একজন বন্দুক ডিলারের স্থানের বিশেষ বিশেষ স্থান থেকে নিষিদ্ধ করা; সকল কর্মীদের আগ্নেয়াস্ত্র, রাইফেলে, এবং শটগান হস্তান্তর কাজ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান যার মধ্যে সনাক্তকরণ ও অবৈধ ক্রয়ের সাড়াদান থাকবে; রেকর্ড রাখার আবশ্যকতা মেনে চলা; এবং স্টেট পুলিশের জন্য তিন বছর পরপর বন্দুক ডিলারদের পরিদর্শন সম্পাদন করা আবশ্যক করে।

A.6716-A (ওয়ালেস)/S89-B (কামিনস্কি):

একসাথে অনেক মানুষের ক্ষতি করার হুমকিকে এবং আগ্রাসীভাবে একসাথে অনেক মানুষের ক্ষতি করাকে অপরাধ হিসেবে গণ্য করে।

A.7926-A (রোজেনথাল, L)/S.4116-A (হোলিম্যান):
ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের (Division of Criminal Justice Services, DCJS) জন্য মাইক্রোস্ট্যাম্পিং সক্রিয় পিস্তল প্রযুক্তিগতভাবে কার্যকর কিনা তার প্রত্যয়ন বা প্রত্যয়নে অস্বীকার করা এবং যদি কার্যকর হিসেবে প্রত্যায়িত হয়, তাহলে এমন প্রযুক্তির বাস্তবায়নের কর্মসূচি ও প্রক্রিয়া স্থাপন করা; এবং মাইক্রোস্ট্যাম্পিং সক্রিয় করা ছাড়া আগ্নেয়াস্ত্রের অবৈধ বিক্রিকে একটি অপরাধ হিসেবে গণ্য করা আবশ্যক করে।

A7865-A (ফাহি)/ S.4511-A (কাপলান):
নিউ ইয়র্কের সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কগুলির জন্য তারা কীভাবে তাদের প্ল্যাটফর্মের ঘৃণাপূর্ণ আচরণের ঘটনায় সাড়াদান করবে সে ব্যাপারে একটি স্পষ্ট এবং সংক্ষিপ্ত পলিসি থাকা এবং সেইসব প্লাটফর্মে ঘৃণাপূর্ণ আচরণ রিপোর্ট করার সহজে ব্যবহারযোগ্য ব্যবস্থা ধরে রাখা আবশ্যক করে।

A.10428-A (পিপল-স্টোকস)/S.9229-A (হোলিম্যান):
সেফ অ্যাক্ট (Safe Act) প্রণয়ন বা 1994-র পূর্বে প্রস্তুতকৃত বড় ধারণক্ষমতার গুলি ভরার যন্ত্রের আইনের আওতার বাইরে থাকা নির্মূল করে।

A. 10497 (জ্যাকবসন)/S.9407-B (ক্যাভানা):
যোগ্য পেশায় নিযুক্ত নেই এমন মানুষের জন্য বডি ভেস্ট ক্রয় ও বিক্রয়কে অবৈধ করে। উপযুক্ত পেশার মধ্যে রয়েছে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তা এবং অন্য এজেন্সির সাথে পরামর্শে স্টেট ডিপার্টমেন্ট (Department of State) দ্বারা আখ্যাপ্রাপ্ত অন্যান্য পেশা। এছাড়াও যেকোনও বডি ভেস্ট সশরীরে উপস্থিত থেকে ক্রয় আবশ্যক করে।

A.10501 (মিকস)/S. 9465 (বেইলি)
অ্যাটর্নি জেনারেলের অফিসে একটি নতুন সোশ্যাল মিডিয়া এবং সহিংস চরমপন্থা টাস্কফোর্স (Task Force on Social Media and Violent Extremism) গঠন করে যাতে অনলাইনে সহিংস চরমপন্থা এবং অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রচার ও সহজ করার ক্ষেত্রে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলির ভূমিকা নিয়ে গবেষণা ও তদন্ত করা যায়।

A. 10502 (কাহিল)/S. 9113-A (স্কোফিস):
একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ (Extreme Risk Protection Order, ERPO) পিটিশন কে দায়ের করতে পারে তা সম্প্রসারণ করে সেখানে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের অন্তর্ভুক্ত করে যারা কোনও ব্যাকটিকে গত ছয় মাস ধরে পরীক্ষা করেছে; যদি কোনও পুলিশ বা ডিসট্রিক্ট অ্যাটর্নি বিশ্বাসযোগ্য তথ্য পায় যে একজন ব্যক্তি এমন কাজে লিপ্ত হবে যা দ্বারা নিজের বা অন্যের মারাত্মক ক্ষতি হতে পারে তাহলে তাদের জন্য একটি ERPO দায়ের করা আবশ্যক করে; স্টেট পুলিশ (State Police) ও মিউনিসিপ্যাল পুলিশ প্রশিক্ষণ পরিষদের (Municipal Police Training Council) জন্য এমন পলিসি ও প্রক্রিয়া তৈরি করা আবশ্যক করে যা কখন ERPO পিটিশন

প্রয়োজন তা সনাক্ত করে; আগ্নেয়াস্ত্র লাইসেন্স করার প্রবিধান সংশোধন করে এটি স্পষ্ট করে যে যখন কোনও মানসিক স্বাস্থ্য সেবাদানকারী এবং একজন কাউন্টি মানসিক স্বাস্থ্য কমিশনার রিপোর্ট করে যে কোনও ব্যক্তি এমন কাজে লিপ্ত হতে পারে যার ফলে নিজের বা অন্যের মারাত্মক কোঠি হতে পারে, তখন সেই ব্যক্তিকে একটি আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান করা হবে কিনা তা নির্ণয়ে এমন রিপোর্টকে বিবেচনা করা হবে; এবং এমন রিপোর্ট করতে পারা মানসিক স্বাস্থ্য সেবাদানকারী সংখ্যা বৃদ্ধি করে।

A10503 (জ্যাকসন)/S. 9458 (টমাস):
একটি সেমিঅটোমেটিক রাইফেল ক্রয়ের পূর্বে ব্যক্তির লাইসেন্স নেওয়া আবশ্যক করে। এটি ভবিষ্যাপেক্ষ এবং কার্যকর হওয়ার তারিখে বা তার পরে হওয়া ক্রয়ের জন্য প্রযোজ্য।

A. 10504 (বার্গোস)/S. 9456 (সেপুলভেডা)
"আগ্নেয়াস্ত্রের" সংজ্ঞা সম্প্রসারণ করে যাতে দণ্ডবিধিতে সংজ্ঞায়িত হয়নি এমন অস্ত্র অন্তর্ভুক্ত করা যায় যাকে একটি বিস্ফোরকের কাজ দ্বারা একটি প্রোজেক্টাইল নিক্ষেপ করার জন্য নকশা করা হয়েছে বা সহজেই এমনটিতে রূপান্তর করা যায়। এর উদ্দেশ্য হলো একটি আর্ম ব্রেস থেকে গুলি করতে পরিবর্তিত হইছে এমন আগ্নেয়াস্ত্র ধরতে পারা, যা আমাদের বর্তমান আগ্নেয়াস্ত্র বা রাইফেলের সংজ্ঞার অধীনে নেই।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418